

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪৩.০০.০০০০.১১১.২৩.০৯৪.১৭/২৭

তারিখ : ১৭ জানুয়ারি ২০১৭

বিষয় : “একুশে পদক” নীতিমালা ২০১৭।

কোন ব্যক্তি (জীবিত/মৃত), গোষ্ঠী, প্রতিষ্ঠান এবং সংস্থাকে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে প্রশংসনীয় ও গৌরবোজ্জ্বল অবদানের জন্য সরকার একুশে পদকে ভূষিত করিতে পারে :

- (i) ভাষা আন্দোলন
- (ii) শিল্পকলা (সংগীত, নৃত্য, অভিনয়, চারণকলা সহ সকল ক্ষেত্র)
- (iii) মুক্তিযুদ্ধ
- (iv) সাংবাদিকতা
- (v) গবেষণা
- (vi) শিক্ষা
- (vii) বিজ্ঞান ও প্রযুক্তি
- (viii) অর্থনীতি
- (ix) সমাজ সেবা
- (x) রাজনীতি
- (xi) ভাষা ও সাহিত্য এবং
- (xii) সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন ক্ষেত্র।

২.০ সংশ্লিষ্ট ক্ষেত্রে বিবেচ্য ব্যক্তি, গোষ্ঠী, প্রতিষ্ঠান ও সংস্থার বিশেষ অবদান থাকিতে হইবে এবং ব্যক্তির ক্ষেত্রে চরিত্র গুণ ও দেশাত্মবোধে তাঁহাকে অনবদ্য হইতে হইবে। এই ক্ষেত্রে ব্যক্তি বা প্রতিষ্ঠানের সামগ্রিক জীবনের/সময়ের কৃতিত্ব (Lifetime Achievement) সর্বাধিক গুরুত্ব পাইবে।

৩.০ পদকের সংখ্যা সাধারণভাবে কোন বৎসর ১৫ (পনের) এর অধিক হইবে না এবং কেবলমাত্র বাংলাদেশের নাগরিক/প্রতিষ্ঠান/সংস্থা একুশে পদক পাওয়ার যোগ্য হইবেন। তবে সরকার ইচ্ছা পোষণ করিলে কোন বৎসর এই পদক প্রদানের সংখ্যা বা ক্ষেত্রের হ্রাস বা বৃদ্ধি করিবার সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে এবং বিবেচনামতে যে কোন যোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে একুশে পদকের জন্য চূড়ান্ত মনোনয়ন প্রদান করিতে পারিবে।

৪.০ একুশে পদক হিসাবে ১৮(আঠার) ক্যারেট স্বর্ণ নির্মিত ৩৫(পঁয়ত্রিশ) গ্রাম ওজনের একটি পদক, ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা, একটি সম্মাননা পত্র ও একটি রেপ্লিকা প্রদান করা হইবে। পদক প্রাপ্তদেরকে দেয় সম্মাননা পত্র সংলাগ-‘ক’ নমুনানুসারে হইবে।

৫.০ একুশে পদক প্রদান সংক্রান্ত বাছাই সাব-কমিটি নিম্নরূপ হইবে :

(ক)	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী	-	সভাপতি
(খ)	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রী	-	সহ-সভাপতি
(গ)	সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	-	সদস্য
(ঘ)	সচিব, শিক্ষা মন্ত্রণালয়	-	সদস্য
(ঙ)	সচিব, তথ্য মন্ত্রণালয়	-	সদস্য
(চ)	মহাপরিচালক, বাংলা একাডেমি	-	সদস্য
(ছ)	মন্ত্রিপরিষদ বিভাগের একজন প্রতিনিধি(যুগ্ম-সচিবের নীচে নয়)	-	সদস্য


কার্যপরিধি :

- (i) কমিটি প্রতি বৎসর জানুয়ারি মাসের ১ম সপ্তাহের মধ্যে প্রাপ্ত আবেদনসমূহ পরীক্ষা-নিরীক্ষা ও বাছাই করিয়া প্রাথমিকভাবে মনোনীত ব্যক্তি/প্রতিষ্ঠানের তালিকা প্রণয়ন করিবে।
- (ii) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, কমিটি কর্তৃক প্রাথমিক ভাবে মনোনীত ব্যক্তি/প্রতিষ্ঠানের আবেদনের বিবরণ সম্বলিত তালিকা কাগজাদিসহ আবশ্যিকভাবে জানুয়ারি মাসের ৩য় সপ্তাহের মধ্যে জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে প্রেরণ করিবে।

৬.০ একুশে পদক প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে :

- (ক) সকল মন্ত্রণালয়/বিভাগ, জেলা প্রশাসক (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা এবং পাবলিক বিশ্ববিদ্যালয় - কে এই বিষয়ে অবহিত করিয়া সংযুক্ত ছক অনুযায়ী তাঁহাদের নিকট হইতে প্রস্তাব আহ্বান করা হইবে। একুশে পদক পাওয়ার উপযুক্ত ব্যক্তিদের নামের প্রস্তাব/মনোনয়ন পাওয়ার বিষয়ে যাবতীয় তথ্য বহুল প্রচারের জন্য ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রেস রিলিজ আকারে প্রকাশ করা হইবে। ইহাছাড়া তথ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এই সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্য প্রকাশ করিতে হইবে।
- (খ) ইতিপূর্বে যে সকল সুধী স্বাধীনতা পদক বা একুশে পদকে ভূষিত হইয়াছেন তাঁহারাও একুশে পদকে ভূষিত হওয়ার যোগ্যতা সম্পন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের মনোনয়ন প্রস্তাব প্রেরণ করিতে পারিবেন।
- (গ) প্রস্তাবক পদকের জন্য তাঁর পস্তাবিত সুধীর অনধিক ৩৫০ (তিনশত পঞ্চাশ) শব্দের একটি সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত (জীবন বৃত্তান্তে বর্ণিত তথ্য সঠিকতার প্রমাণপঞ্জি সহ) এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত পরিচিতি প্রত্যয়ন পূর্বক ছক সংলগ্ন করিবেন।
- (ঘ) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের একুশে পদক মনোনয়ন বাছাই সংক্রান্ত সাব কমিটি কর্তৃক বাছাইকৃত প্রাথমিক তালিকা বিবেচনা করিয়া উক্ত তালিকা হইতে অথবা মন্ত্রিসভা কমিটির বিবেচনায় উপযুক্ত ব্যক্তি (জীবিত বা মৃত)/প্রতিষ্ঠানের নাম চূড়ান্তভাবে বাছাই করিবার পর তাহা অনুমোদনের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রীর নিকট প্রেরণ করিবেন।
- (ঙ) মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের পর ফেব্রুয়ারি মাসের প্রথম সপ্তাহে বেতার, টেলিভিশন এবং সংবাদপত্রের মাধ্যমে নির্বাচিত ব্যক্তি(বর্গ)/ প্রতিষ্ঠান(সমূহ) এর নাম প্রকাশ করা হইবে। তৎপূর্বে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় নির্বাচিত ব্যক্তি/প্রতিষ্ঠানের সহিত (মরণোত্তর পদকের ক্ষেত্রে যে কোন যোগ্য উত্তরাধিকারী/প্রতিনিধির সহিত) যোগাযোগ করিয়া তাঁহাদের নিকট হইতে পদক গ্রহণ সংক্রান্ত সম্মতিপত্র সংগ্রহ করিবে।
- (চ) পদকের জন্য নির্বাচিত কোন ব্যক্তি/প্রতিষ্ঠান পদক গ্রহণে অস্বীকৃতি জানাইলে বা তিনি নির্দিষ্ট তারিখে পদক গ্রহণ করিবেন মর্মে কোন সুনিশ্চিত মতামত পাওয়া না গেলে তাহা অবিলম্বে মন্ত্রিপরিষদ বিভাগে অবহিত করিতে হইবে। উক্ত নির্বাচিত ব্যক্তি/প্রতিষ্ঠান (সমূহ)-এর নাম পদক প্রাপ্তদের চূড়ান্ত তালিকায় অন্তর্ভুক্ত হইবে না বা তাঁহার/তাঁহাদের নাম পদকপ্রাপ্ত হিসাবে ঘোষণা করা হইবে না।

- (ছ) যে বৎসর একুশে পদকের জন্য ব্যক্তিবর্গ/ প্রতিষ্ঠানের নাম প্রকাশ করা হইবে সেই বৎসরেই মহামান্য রাষ্ট্রপতি/মাননীয় প্রধানমন্ত্রী পদক প্রদান করিবেন।
- (জ) পদক বিতরণ অনুষ্ঠানে যোগদানকারী পদক প্রাপক অথবা উপ-অনুচ্ছেদ (ঝ) ও (ঞ) তে বর্ণিত ব্যক্তিগণ স্বীয় আবাসস্থল হইতে পদক বিতরণী অনুষ্ঠানস্থল (বিদেশে অবস্থানকারীর ক্ষেত্রে বাংলাদেশ দূতাবাস) পর্যন্ত যাওয়া-আসা বাবদ রেল, স্টিমার বা সড়ক পথে ভ্রমণের জন্য প্রথম শ্রেণীর প্রকৃত ভাড়া, বিমানে ভ্রমণের জন্য ইকোনমি শ্রেণীর প্রকৃত ভাড়া এবং সরকার নির্ধারিত হারে সর্বোচ্চ তিন দিনের দৈনিক ভাতা প্রাপ্য হইবেন। সংশ্লিষ্ট জেলা প্রশাসক/মিশন প্রধান এই দাবি পরিশোধের ব্যবস্থা করিবেন। এইরূপ পরিশোধিত অর্থ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের বাজেট বরাদ্দ হইতে সমন্বয় করা হইবে। ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতার হার দ্রব্য মূল্যের সহিত সঙ্গতি রাখিয়া সরকার সময় সময় পুনঃনির্ধারণ করিবে।
- (ঝ) মরণোত্তর পদক প্রদানের ক্ষেত্রে এবং যে সকল ক্ষেত্রে পদক প্রাপক অনিবার্য কারণবশতঃ পদক বিতরণী অনুষ্ঠানে উপস্থিত হইতে অপারগ, সে সকল ক্ষেত্রে পদক প্রাপকের স্ত্রী বা স্বামী অথবা যথাযথ উত্তরাধিকারী পদক গ্রহণের জন্য অনুষ্ঠানে উপস্থিত থাকিতে পরিবেন।
- (ঞ) যদি পদক প্রাপক অথবা মরণোত্তর পদক প্রাপ্ত ব্যক্তির যথাযথ উত্তরাধিকারী এমন কোন দেশে অবস্থান করেন যেখানে বাংলাদেশের দূতাবাস রহিয়াছে, সেই ক্ষেত্রে পদক বিতরণী অনুষ্ঠান দূতাবাসে অনুষ্ঠিত হইবে এবং দূতাবাস প্রধান পদক প্রদান করিবেন। পুরস্কারের অর্থ দূতাবাস কর্তৃক পদক প্রাপককে প্রদান করা হইবে এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় দূতাবাসকে উক্ত অর্থ পুনর্ভরণ করিবে।
- (ট) কোন পদক প্রাপক বা মরণোত্তর পদক প্রাপ্ত ব্যক্তির যথাযথ উত্তরাধিকারী এমন কোন দেশে অবস্থান করেন যেখানে বাংলাদেশের দূতাবাস নাই, সেই ক্ষেত্রে বীমাকৃত ডাকযোগে অথবা অন্য কোন অনুমোদিত পদ্ধতির মাধ্যমে পদক তাঁহার নিকট প্রেরণ করা হইবে। পুরস্কারের অর্থ বাংলাদেশী মুদ্রার বিনিময় হারের ভিত্তিতে সংশ্লিষ্ট দেশের মুদ্রায় অথবা ইউ.এস ডলার/পাউন্ড স্টার্লিং-এ প্রদান করা হইবে।
- (ঠ) কোন পদক প্রাপক বা মরণোত্তর পদক প্রাপ্ত ব্যক্তির যথাযথ উত্তরাধিকারী পদক বিতরণী অনুষ্ঠানে উপস্থিত থাকিতে সক্ষম না হইলে তিনি পদকটি বীমাকৃত ডাকযোগে অথবা অন্য কোন অনুমোদিত পদ্ধতির মাধ্যমে তাঁহার নিকট প্রেরণের অভিপ্রায় ব্যক্ত করিতে পারিবেন।
- (ড) একুশে পদকের জন্য সাব কমিটি কর্তৃক মনোনীত সুধীবৃন্দ/প্রতিষ্ঠানের নাম জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে প্রেরণের পর যে সকল সুধী/প্রতিষ্ঠান ঐ বছর একুশে পদক প্রাপ্ত হইবেন না, তাঁহাদের নাম পরবর্তী বৎসরে বিবেচনার জন্য প্রেরণ করা যাইবে।
- (ঢ) এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে এবং ইতিপূর্বে জারীকৃত এতদসংক্রান্ত সকল নির্দেশাবলী/নিয়মাবলী এতদ্বারা বাতিল বলিয়া গণ্য হইবে।



(আকতরী মমতাজ)

সচিব

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়